

## বিসিএস-এ নিয়োগ পাওয়া ১২ কর্মকর্তাকে সংবর্ধনা দিলো বিমান

- A Monitor Desk Report

Date: 24 April, 2024



ঢাকা: বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ১২ কর্মকর্তা ৪১তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বিভিন্ন ক্যাডার সার্ভিসে নিয়োগ লাভ করেছেন।

মঙ্গলবার (২৩ এপ্রিল) প্রধান কার্যালয় বলাকায় তাদেরকে সংবর্ধনা প্রদান করেছে বিমান।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (অতিরিক্ত সচিব) শফিউল আজিম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া বিমানের পরিচালকবৃন্দ ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিমানের পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) যুগ্মসচিব মো. মতিউল ইসলাম চৌধুরী।

বিমানের ব্যবস্থাপনা পরিচালক শফিউল আজিম সদ্য বিসিএস উত্তীর্ণ কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে বলেন, দক্ষ কর্মীদের চলে যাওয়া প্রতিষ্ঠানের সার্বিক কর্মকাণ্ডের ওপর বিরূপ প্রভাব ফেলে। তবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স যে স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করে থাকে, এটি তার প্রকৃষ্ট উদাহরণ। প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে এ ধরনের স্বচ্ছ ও মেধাভিত্তিক নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি ৪০, ৪১ ও ৪৩ তম বিসিএসে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স থেকে উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা পররাষ্ট্র, প্রশাসন, শুল্ক ও অবগারি, কর, গণপূর্তসহ বিভিন্ন ক্যাডার সার্ভিসে নিয়োগ লাভ করেছেন।

-B